

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩১১  
কাঞ্চনপুর, ২৮ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

কাঞ্চনপুর মহকুমায় ভোটকর্মীদের মহড়া

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের অন্তর্গত কাঞ্চনপুর মহকুমার ৫৯-পেচারখল (এসটি) এবং ৬০-কাঞ্চনপুর (এসটি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে নির্বাচনের কাজে নিযুক্ত ভোটকর্মীদের প্রথম পর্যায়ের দু'দিনের নির্বাচনী মহড়া গতকাল শেষ হয়েছে। কাঞ্চনপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং কাঞ্চনপুর গভঃ ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে পৃথক ভাবে অনুষ্ঠিত নির্বাচনী মহড়াতে প্রিসাইডিং অফিসার ১০৪ জন, ফাষ্ট পোলিং অফিসার ১৫২ জন, সেকেন্ড পোলিং অফিসার ১৪৪ জন, থার্ড পোলিং অফিসার ১১৮ জন, গ্রুপ-ডি ১৩২ জন ভোটকর্মী অংশগ্রহণ করেন। নির্বাচনী মহড়াতে ভোট গ্রহণ প্রক্রিয়া বিষয়ে আলোচনা করেন ডিষ্ট্রিক্ট লেভেল মাস্টার ট্রেনারগণ। নির্বাচনী মহড়ায় উপস্থিত ছিলেন সহকারি রিটার্নিং অফিসার তথা উত্তর ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, সহকারি রিটার্নিং অফিসার তথা কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক প্রদীপ কৃষ্ণ রাজ।

\*\*\*\*\*